দৈনিক বাংলা

তারিখ 0 6 SEP 1986

পৃষ্ঠা ......7......

064

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

অধ্যক্ষের কার্যালয়,

বাংলাদেশ ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজী

ডাক ঃ বিআইডিসি, নারায়ণগঞ্জ।

স্মারক নং প্রশি-৩৬(জ)/১৬৯৭ তারিখ ঃ ৪-৯-৮৬ ইং

# ১৯৮৬-৮৭ সেসনে ছাত্র ভর্তির বিজ্ঞপ্তি

জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর অধীন নারায়ণগঞ্জস্থ বাংলাদেশ ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজীতে নিম্নবর্ণিত ৩ (তিন) বৎসর মেয়াদী ডিপ্লোমা-ইন-মেরিন ইঞ্জিনিয়ারিং কোর্সের ১ম বর্ষে ও সরাসরি ২য় বর্ষে ভর্তি ইচ্ছুক আগ্রহী প্রার্থীদের নিকট হইতে অত্র প্রতিষ্ঠানে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাইতেছে।

(১) ১ম বর্ষে ভর্তির আবেদনের জন্য শিক্ষাগত যোগ্যতা ঃ প্রার্থীকে এসএসসি অথবা সমমানের পরীক্ষায় কমপক্ষে মোট নম্বরের ৫০% এবং সাধারণ অথবা নৈর্বাচনিক অথবা উচ্চতর গণিতে ৫০% পাইয়া উত্তীর্ণ হইতে হইবে।

অথবা এসএসসি বা সমমানের পাসসহ অত্র ইনস্টিটিউট হইতে ১ (এক) বৎসর মেয়াদী ডিজেল আর্টিফিসার কোর্স পাস বা ব্যুরোর অধীনস্থ কোন কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র হইতে ২ (দুই) বৎসর মেয়াদী অটো ডিজেল কোর্স পাস হইলে ভর্তি পরীক্ষায় পাসসাপেক্ষে ১ম বর্ষ ক্লাসে ভর্তির সুযোগ পাইতে পারে।

১ম বর্ষের জন্য আবেদনপত্র গ্রহণ করার সর্বশেষ তারিখ ২৩শে অক্টোবর, '৮৬ ইং বেলা ২-০০ ঘটিকা পর্যন্ত।

(২) ২য় বর্ষে ভর্তির আবেদনের জন্য শিক্ষাগত যোগ্যতা ঃ প্রার্থীকে অত্র শিক্ষাপ্রতিষ্ঠান হইতে সুপারভাইজার/ইনস্ট্রাক্টর কোর্স পাস বা দুই বৎসর মেয়াদী ডিজেল আর্টিফিসার কোর্স পাস অথবা ম্যাট্রিক বা সমমানের পরীক্ষায় পাস তৎসহ সমুদ্রগামী জাহাজের ৫ম প্রকৌশলী হিসাবে কর্মরত আছে অথচ সুপরিকল্পিত কোন ট্রেনিংপ্রাপ্ত নহেন এমন প্রার্থী বিশেষ ভর্তি পরীক্ষায় পাস সাপেক্ষে সরাসরি ২য় বর্ষ ক্লাসে ভর্তির জন্য বিবেচিত হইতে পারেন। ২য় বর্ষ ক্লাসে ভর্তির জন্য আবেদনপত্র গ্রহণের সর্বশেষ তারিখ ২৩শে সেপ্টেম্বর,'৮৬ ইং বেলা ২-০০ ঘটিকা পর্যন্ত।

বিঃ দ্রঃ (ক) উক্ত কোর্সের আসন সংখ্যার সর্বাধিক ৪ (চার) গুণ প্রার্থীকে মেধার ভিত্তিতে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেওয়া হইবে।

(খ) ভর্তি সংক্রান্ত তথ্য বিবরণী এবং আবেদনপত্র ৪৫/- (পঁয়তাল্লিশ) টাকার (অফেরতযোগ্য) বিনিময়ে অত্র কেন্দ্রের অধ্যক্ষের অফিস হইতে সংগ্রহ করা যাইবে। ডাকযোগে আবেদনপত্র পাইতে ইচ্ছুক প্রার্থীকে ডাকমাশুল ও অন্যান্য আনুষঙ্গিক খরচ বাবদ ৮/- (আট) টাকাসহ মোট ৫৩/- (তেপ্পান্ন) টাকা (অফেরতযোগ্য) মানি অর্ডার প্রদান করিলে ভর্তি সংক্রান্ত তথ্যাবলী ইত্যাদি ডাকযোগে প্রেরণ করা যাইতে পারে। তবে কোন অজুহাতেই বিলম্বে প্রাপ্ত দরখাস্ত গৃহীত হইবে না এবং এই জন্য কর্তৃপক্ষ দায়ী থাকিবে না।

ডিএফপি(ন)—১৪৭৯৪(৪)৪/৯ (এ কে এম শাহাবউদ্দীন),
জি—২৭৫২ ভারপ্রাপ্ত অধ্যক্ষ।